

নোটিশ

মাগুরা জেলার ৬টি এলএসডিতে ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরের জন্য শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগের নিমিত্ত ১৯/০৫/২০২২ খ্রিঃ তারিখের ৪৮৬ নং স্মারকে দরপত্র বিজ্ঞপ্তি জারী করা হয়। সে মোতাবেক প্রাপ্ত দরপত্রগুলি ১৩/০৬/২০২২ খ্রিঃ তারিখে জেলা দরপত্র উন্মুক্ত ও মূল্যায়ন কমিটির সভায় বিশ্লেষণ পূর্বক **Responsive ও Non-Responsive** দরদাতা নির্বাচন করা হয় এবং **Responsive** দরদাতাদের আর্থিক প্রস্তাব খুলে তুলনামূলক বিবরণী প্রস্তুত পূর্বক এ কার্যালয়ের ২০/০৬/২০২২ খ্রিঃ তারিখের ৫৯৩ নং স্মারকে অনুমোদনের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বরাবর প্রেরণ করা হয়।

পরবর্তীতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কার্যালয়ের ২৮/০৬/২০২২ খ্রিঃ তারিখের ১৫১৪ নং স্মারকের নির্দেশনা মোতাবেক এ কার্যালয়ের ১৩/০৭/২০২২ তারিখের ৯৩ নং স্মারকে মাগুরা জেলা খাদ্য নিয়ন্ত্রকের অধীন ০৬ (ছয়) টি এলএসডিতে ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগ সংক্রান্ত যাবতীয় নথিপত্র প্রেরণ করা হয়েছিল। পরবর্তীতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কার্যালয়ের ১৯/০৭/২০২২ খ্রিঃ তারিখের ১৭৫২ নং স্মারকের নির্দেশনা মোতাবেক উক্ত প্রেরিত শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগ সংক্রান্ত যাবতীয় নথিপত্র ফেরত আনা য়ন করা হয়েছিল। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা মহোদয়ের টেলিফোনিক নির্দেশনা মোতাবেক উক্ত শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগ সংক্রান্ত যাবতীয় নথিপত্র এ কার্যালয়ের ০৩/০৮/২০২২ তারিখের ১৭৪ নং স্মারকে পুনরায় প্রেরণ করা হয়েছিল। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কার্যালয়ের ১১/০৮/২০২২ খ্রিঃ তারিখের ২০৬৪ নং স্মারকের নির্দেশনা মোতাবেক উক্ত প্রেরিত শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগ সংক্রান্ত যাবতীয় নথিপত্র পুনঃফেরত আনা য়ন করা হয়েছিল।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কার্যালয় হতে যাচাই বাছাইয়ান্তে গত ১৯/০৭/২০২২ খ্রিঃ তারিখের ১৭৫২ নং এবং ১১/০৮/২০২২ খ্রিঃ তারিখের ২০৬৪ নং স্মারকে প্রয়োজনীয় সকল নথি ফেরত প্রদানসহ দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্রসমূহ পুনঃমূল্যায়ন অথবা পুনঃদরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে ঠিকাদার নিয়োগ প্রদান কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। সেপেক্ষিতে গত ২২/০৮/২০২২ খ্রিঃ তারিখে দরপত্র মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাগুরা জেলার ০৬ (ছয়) টি এলএসডি'র বিপরীতে ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগে অংশগ্রহণকারী দরপত্রদাতাদের দেয় দর রিজার্ভ মূল্যের তুলনায় কম হওয়ায় এবং বর্তমান বাজার মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় এবং দাপ্তরিক প্রাক্কলিত দর অপেক্ষা অযৌক্তিকভাবে নিম্ন দরে দরপত্র দাখিল করায় পিপিআর ২০০৮ এর বিধি ৯৮(২৩)'র নির্দেশনা অনুযায়ী **Responsive** সকল দরদাতার দর **Non-responsive** হিসেবে বিবেচনা করে পুনঃ দরপত্রের মাধ্যমে ঠিকাদার নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

স্বাঃ

(মনোতোষ কুমার মজুমদার)
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
মাগুরা।
ফোনঃ ০২৪৭৭১০৪১১
e-mail: dcfmagura@gmail.com

তারিখঃ ২৮/০৮/২০২২ খ্রিঃ।

স্মারক নং-১৩.০১.৫৫০০.০০২.৪৯.০০২.২২. ২৪১ (২৪)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে।

- ১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মাগুরা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা।
- ৫। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাগুরা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মাগুরা।
- ৭। জনাব মোঃ আবু তালহা, অতিরিক্ত উপপরিচালক (উদ্যান), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাগুরা।
- ৮। জনাব হোসেন মাসুদ সরকার, উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক ও জনপথ উপ-বিভাগ, মাগুরা।
- ৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা সদর, মাগুরা।
- ১০। জনাব এ. এস. এম. মাহফুজুল আলম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা।
- ১১। জনাব মোঃ ফসিয়ার রহমান, প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা।
- ১২। জনাব/মেসার্স

ঠিকানা-.....।

- ১৩। নোটিশ বোর্ড, এ কার্যালয়।
- ১৪। অফিস কপি।

(মনোতোষ কুমার মজুমদার)
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
মাগুরা।